গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জেন্ডার এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট

নম্বর - ৪৫.০৫.০০০০.০১০.৩৬.০০২.১৯.২৮৮ তারিখ: ৬ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জুলাই, ২০১৯ খ্রি:

## পরিপত্র

**বিষয় : স্বাস্থ্য খাতে জেন্ডার জনিত সহিংসতায় সেবা প্রদান সম্পর্কিত।**

নারী উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিত করতে সরকার নারী ও শিশু নির্যাতনের প্রতিকার ও প্রতিরোধে সংকল্পবদ্ধ। এ লক্ষ্যে "নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০" এর ৩২ নং ধারা , এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২ এর ৪৩ (২) নং উপধারা, ও এসিড অপরাধ দমন আইন, ২০০২ এর ২৯ নং ধারায় নির্যাতনের শিকার ব্যক্তিদের চিকিৎসা ও মেডিকেল পরীক্ষা সংক্রান্ত বিধান রয়েছে। সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রীট পিটিশন নং-৫৫৪১/২০১৫ এর ১৮ ই ফেব্রুয়ারী ২০১৬ খ্রি: এর রায় এবং রীট পিটিশন নং-১০৬৬৩/২০১৩ এর ১২ ই এপ্রিল, ২০১৮ খ্রি: এর রায়ে মহামান্য আদালত সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করেছেন। বর্ণিত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট সকলকে অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

ক) পুলিশ রেফারেন্স ছাড়াও ধর্ষণ ও যৌন নিপীড়নের শিকার কোন নারী ও শিশু যে কোন সরকারী অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত বেসরকারী হাসপাতালে কর্তব্যরত চিকিৎসকের শরণাপন্ন হলে তাৎক্ষণিকভাবে চিকিৎসক তাকে যথানিয়মে পরীক্ষা করবেন এবং অপরাধ সংঘটনের বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করবেন। পরবর্তীতে মেডিকেল সার্টিফিকেটের এক কপি নির্যাতিতকে, এক কপি আইনী প্রয়োজনে কোর্ট/পুলিশকে প্রদান করবেন এবং এক কপি স্বাস্থ্যকেন্দ্রে সংরক্ষণ করবেন।

খ) স্থানীয় পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভায় হাসপাতাল ব্যবস্থাপক ও সিভিল সার্জন নিয়মিত যোগদান করবেন, চিকিৎসা/মেডিকেল সনদপত্র বিষয়ে ত্বরিত ব্যবস্থা নেবেন, নির্যাতিতের অনুকূলে সেবা প্রদানের মাসিক তথ্য প্রতিবেদন জেন্ডার এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

গ) ধর্ষণ অথবা যৌন নিপীড়নের ক্ষেত্রে অপরাধ সংঘটনের ৪৮ ঘন্টার মধ্যে রাসায়নিক/ডিএনএ পরীক্ষার নমুনা সংগ্রহ করে পরীক্ষার প্রয়োজনে পুলিশের মাধ্যমে প্রেরণ করতে হবে।

ঘ) ধর্ষণের ক্ষেত্রে Two finger test – করা যাবে না।

ঙ) শিশু ও কিশোরীদের ক্ষেত্রে স্পেকুলাম পরীক্ষা অত্যাবশ্যকীয় নয় বিবেচনা করতে হবে।

চ) সকল ক্ষেত্রে নির্যাতিতের গোপনীয়তা অবশ্যই রক্ষা করতে হবে।

ছ) মেডিকেল সার্টিফিকেটে অবমাননাকর "যৌন কাজে অভ্যস্ত (habituated to sexual intercourse) " এরূপ শব্দ ব্যবহার করা যাবে না।

২। নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে স্বাস্থ্যখাতের বিশেষ ভূমিকা রয়েছে। এ ক্ষেত্রে হাসপাতালসমূহে চিকিৎসা ও মেডিকোলিগ্যাল সেবা দেয়া হচ্ছে। সেবাপ্রদানে উপর্যুক্ত বিষয়াবলীর প্রতিপালন নিশ্চিত করার জন্য বিভাগীয়, জেলা, উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

৩। বর্ণিত সেবাপ্রদান কার্যকরী করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত এবং সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন নির্দেশিত "Health Sector Response to GBV Survivors: Protocal for Health Care Providers" শীর্ষক গাইড লাইন যথাযথভাবে অনুসরণ এবং মেডিকেল সার্টিফিকেট ও মেডিকোলিগ্যাল পরীক্ষার নির্দিষ্ট ফরমেট ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

৪। নির্যাতিতদের অনুকূলে সেবা প্রদানের ডাটা দৃশ্যমান করার লক্ষ্যে অনতিবিলম্বে MIS, স্বাস্থ্য অধিদপ্তরের DHIS2 -তে সন্নিবেশিত করতে হবে।

৫। বর্ণিত পদ্ধতি ও ব্যবস্থাপনা অনতিবিলম্বে কার্যকর হবে।

(মো: আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

কার্যার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৩। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা (সকল বিভাগ)-----।
৫। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) ----------------------।
৬। জেলা প্রশাসক (সকল)-------------------------------------।
৭। পুলিশ সুপারিনটেনডেন্ট (সকল) ---------------------------।
৮। সিভিল সার্জন (সকল) ------------------------------------।
৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)--------------------- ।
১০। জেলা সমাজ সেবা কর্মকর্তা (সকল)------------------------ ।
১১।উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)----------------------- ।
১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল) -------।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল থানা) -----------------------------।
১৫। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা (সকল)----------------------।
১৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)-------------------।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার (সকল)----------------------- ।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ / স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।